Khatra Women Police Station Bankura

W.B.P. FORM NO. 27

# FIRST INFORMATION REPORT

79J

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. Bankura Sub-Divn. Khatra P.S. Khatra women Year 2019 FIR No. 06/19 Date 21.04.19
2. (i) Act IPC Sections 498A/325/307 (ii) Act ........ Sections ........
   (iii) Act ........ Sections ........ Other Acts & Sections 3/4
3. (a) General Diary Reference : Entry No. 319 Time 16:25 hrs
   (b) Occurrence of Offence : Day Since after marriage on 2005 to 19.4.19 Date ........ Time 16:00 h
   (c) Information Received Date 21/04/19 Time 16:25 h
   G.D. No. 319 At the Police Station:
4. Type of information : Written / Oral written
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. Approx 07 km West North
   (a) Address Gopi Nath Pur PS Khatra District Bankura
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. ........
   District ........
6. Complaint/Informant :
   (a) Name Smt Uttara Bauri
   (b) Father's / Husband's Name Late Rabi Bauri
   (c) Date / Year of Birth 58 years
   (d) Nationality Indian
   (e) Address Khatra PS Khatra Dist Bankura
7. Details of Know / Suspected / Unknown / Accused with full particulars. (Attach separate sheet, if necessary) (1) Shri Bikash Bauri S/o Shri Binod Bauri Village Gopi Nath Pur PS Khatra Dist- Bankura.
8. Reasons for delay in reporting by complaint / informant ........
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) : ........
10. Total value of Properties stolen / Involved : ×
11. Inquest report / U.D. : Case No., If any : ×
12. FIR Contents : (Attach separate sheet, if required) The original written complaint which is treated as FIR is attached herewith
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498A/325/307 IPC and 3/4 DP Act
    I ASI Shipra Ghosh O/C Khatra women PS
    registered the case and ~~took up the investigation~~ / directed LASI Sikha Das with ID
    ........ to take up the investigation
    transferred to P.S. ........ On point of jurisdiction. FIR read over to the complaint/ informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

টিপ সহি শ্রী মতী উত্তরা বাউরী

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

Shipra Ghosh

Signature of the officer-incharge, Police Station with

Name : SHIPRA GHOSH

Rank : S.I. of Police

Number if any : O/C Khatra women PS

Dt 21.04.19

Officer-in-Charge
Khatra Women P.S.
Khatra Sub-Division

To,
The O/C Women P.S.
Khatra , Bankura

Khatra Women Police Station
Bankura

মাননীয় মহাশয়,

আমি শ্রীমত্যা উত্তরা বাউরী স্বামী রবি বাউরী সাং- খাতড়া, পোঃ ও থানা- খাতড়া জেলা- বাঁকুড়া এর স্থায়ী বাসিন্দা হইতেছি । আমার বিনীত নিবেদন এই যে, আমার মেয়ে শ্রীমতী মঙ্গলা বাউরী এর সাথে শ্রী বিকাশ বাউরী পিতা শ্রী বিনোদ বাউরী , গ্রাম- গোপিনাথপুর, পোঃ- দাঁড়শোল, থানা- খাতড়া, জেলা- বাঁকুড়া এর গত ইংরাজী ২০০৫ সালে যথাযথ সামাজিক রীতি নীতি অনুসারে অনুষ্ঠান করে বিয়ে হয়। বিয়ের সময় পাত্রপক্ষের দাবীমত নগদ ২০,০০০/- টাকা , ১ ভরি সোনার অলংকার, কাসার বাসনপত্র ও অন্যান্য দান সামগ্রী পাত্রপক্ষকে যৌতুক হিসাবে দেওয়া হয়। বিয়ের পর আমার মেয়ে তার স্বামীর সাথে শ্বশুর বাড়ীতে যায় ও সেখানে স্বামী স্ত্রী স্বরুপে বসবাস করতে থাকে। বিয়ের পর বেশ কিছুদিন ঠিকঠাক চলার পর উক্ত বিকাশ বাউরী ব্যবসা করার জন্য আমার মেয়েকে বাপের বাড়ী থেকে আরো ১০,০০০/- (দশ হাজার) টাকা আনতে বলে। আমার মেয়ে তাতে রাজী না হওয়াতে তার স্বামী তাকে মানসিক ও শারিরীক নির্যাতন করতে আরম্ভ করে দেয় । সে দিনের পর দিন আমার মেয়েকে অশ্রাব্যভাষায় গালিগালাজ দিতে থাকে ও মারধর করতে থাকে । আমার মেয়েকে ঠিকমতো খেতে পরতে পর্যন্ত দিত না । ইতি মধ্যে তাদের তিনটি সন্তান জন্মগ্রহন করে। আমার মেয়ে শারিরীকভাবে অসুস্থ থাকার সময় তাকে তার স্বামী চিকিৎসা পর্যন্ত করাতো না। সে ক্রমাগত আমার মেয়েকে বাপের বাড়ী থেকে টাকা নিয়ে আনার জন্য চাপ দিত। আমার মেয়ে ভবিষ্যত শান্তির আশায় সেখানে বহু কষ্টে দিন যাপন করছিল। কিন্তু তার স্বামীর অত্যন্ত অত্যাচারে আমার মেয়ে সম্যক বিষয় নিয়ে আমাদেরকে জানায় । আমরা সমস্ত ঘটনা শুনে আমার মেয়ের শ্বশুর বাড়ীতে যাই এবং তার স্বামীকে অনুরোধ করি যাতে আমার মেয়ের উপর কোনরুপ অত্যাচারে না কর হয় এবং ভালোভাবে রাখা হয়। কিন্তু কিছুদিন ঠিক থাকার পর পুনরায় উক্ত বিকাশ বাউরী আমার মেয়ের উপর অতটচার আরম্ভ করে দেয় এবং গত ইংরাজী ২০.০৩.১৯ তারিখে উক্ত বিকাশ বাউরী আমার মেয়েকে মারধর করে সন্তানসহ বাড়ী থেকে তাড়িয়ে দেয় । আমার মেয়ে নিরুপায় হয়ে সন্তানসহ বাপের বাড়ীতে ফিরে আসতে বাধ্য হয়। এরপর গত ইংরাজী ১৯.০৪.১৯ তারিখে বিকাল আনুমানিক ৪টার সময় উক্ত বিকাশ বাউরী আমার বাড়ীতে এসে আমার মেয়ের কাছে টাকা খোঁজে। আমার মেয়ে টাকা দিতে রাজী না হওয়াতে সে আমার মেয়েকে এলোপাথাড়িভাবে বুকে, পেটে , মাথায় প্রচন্ড মারধর করে ও আমার মেয়ের গলা টিপে তাকে প্রানে মেরে ফেলার চেষ্টা করে। আমি সেই সময় চিৎকার শুনে ছুটে এসে কোনো রকমে আমার মেয়েকে তার হাত থেকে বাঁচাই নতুবা সে আমার মেয়েকে প্রানে মেরে শেষ করে দিত। এরপর উক্ত বিকাশ বাউরী সেখান থেকে পালিয়ে যায়। আমার মেয়ে মারাত্মকভাবে আঘাতগ্রস্থ হয় । তাকে চিকিৎসার জন্য খাতড়া হাসপাতালে ভর্ত্তি করি। বর্তমানে সে খাতড়া হাসপাতালে চিকিৎসাধীন অবস্তায় আছে। এমতাবস্থায় মহাশয়ার নিকট আমার অনুরোধ উপরিউক্ত বিকাশ বাউরীর বিরুদ্ধে আইনগত যথোপযুক্ত ব্যবস্থা প্রদানে মর্জ্জী হয়। মেয়ের চিকিৎসা কার্য্যের ব্যস্ত থাকায় অভিযোগ জানাতে দেরী হল।

বিনীত

তাং- ২১/০৪/১৯

টিপ অহি- শ্রীমত্যা উত্তরা বাউরী (৫৮)
বঃ- শ্রী শ্যামল পাত্র
(৯৯৮২৭৬৮৮৬৫)

Received on 21/4/19 16.25 hrs and started Khatra Women PS case no - 06/19 Dt 21/4/19 U/S 498A/325/307 IPC and 3/4 DP Act

Officer-in-Charge
Khatra Women P.S,
Khatra Sub-Division